



# প্রবাসী কল্যাণ ব্যাংক

প্রধান কার্যালয়

প্রবাসী কল্যাণ ভবন

৭১-৭২, পুরাতন এ্যালিফেন্ট রোড, ইস্কাটন, ঢাকা।



স্মারক নং- ৪৯.০৩.০৯৯৯.০৫.২২.২০১৫-১১৮

তারিখঃ ২৪/০৫/২০১৭

## বিষয়ঃ র্যানসমওয়্যার আক্রমণ বিষয়ক সচেতনতা ও করণীয় প্রসঙ্গে।

সূত্রঃ- আর্থিক প্রতিষ্ঠান বিভাগের আইসিটি সেল শাখার স্মারক ৫৩.০০.০০০০.২০১.৯৯.০০১.১৭/৩২, তারিখঃ ২১/০৫/২০১৭।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে অত্র ব্যাংকের সকল কর্মকর্তার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিশ্বের অনেক দেশে “WannaCry” র্যানসমওয়্যার দ্বারা আক্রমণের শিকার হয়েছে এবং এক্ষেত্রে সাইবার আক্রমণের ঝুঁকিতে বাংলাদেশ ও রয়েছে বিধায় অত্র ব্যাংকের সাইবার সিকিউরিটি নিশ্চিত করার জন্য নিম্নোক্ত নির্দেশাবলী যথাযথভাবে পরিপালনের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

### র্যানসমওয়্যার আক্রমণ সংশ্লিষ্ট সাইবার ঝুঁকি নিম্নরূপঃ

সাধারণত কম্পিউটার ব্যবহারকারী যদি কোন স্প্যাম ইমেইল থেকে কোন সন্দেহজনক ইউআরএল (URL) অথবা সন্দেহজনক Attachment ডকুমেন্ট এ ক্লিক করে, যা WannaCry র্যানসমওয়্যার যুক্ত, সেটি সাথে সাথে ঐ কম্পিউটার ব্যবহারকারীর সব তথ্য এনক্রিপ্ট/লক করে ফেলে এবং সেই তথ্য আণের অবস্থায় ফিরে পাবার জন্য মুক্তিপণ দাবি করে। WannaCry ম্যালওয়্যারটি নেটওয়ার্ক এ যুক্ত অন্য উইন্ডোজ সিস্টেম স্ক্যান করে এবং যে সিস্টেমে MS17-010 প্যাচ দেয়া নেই সেই সিস্টেমটিকেও সংক্রমিত করে।

### নিরাপদ থাকতে যা করণীয়ঃ

০১) আপনার শাখার কম্পিউটারের ডেটা বিশেষ করে .doc, .docx, .xls, .xlsx, .pdf ইত্যাদির সফট কপি নিয়মিত ব্যাকআপ নিন এবং নিরাপদে অন্যকোথাও রেখে দিন।

০২) রেগুলার উইন্ডোজ আপডেট করুন। এক্ষেত্রে উইন্ডোজ Automatic Update বা স্বয়ংক্রিয় হালনাগাদ চালু রাখুন। স্বয়ংক্রিয় হালনাগাদ চালুর পদ্ধতি নিম্নরূপঃ

- In Windows 10, go to Settings > Update & Security.
- In Windows 8.1, go to Settings > Change PC Settings > Update and recovery.
- In Windows 7, go to Control Panel > Windows Update.

সম্ভব না হলে উইন্ডোজ চালিত কম্পিউটার এ MS17-010 প্যাচ (Patch) দিয়ে হালনাগাদ করুন। নিম্নোক্ত লিংক হতে MS17-010 প্যাচ (Patch) বিভিন্ন উইন্ডোজ ভার্সন অনুযায়ী পাওয়া যাবে।

<https://technet.microsoft.com/library/security/ms17-010.aspx>

০৩) কম্পিউটারে অপ্রয়োজনীয় সফটওয়্যার ইন্সটল করা হতে বিরত থাকুন। কোন Untrusted Online Source থেকে Ransomware Removal Tool ডাউনলোড করবেন না, এটি নতুন কোন attack করতে পারে।

০৪) সর্বদা অযাচিত বা সন্দেহজনক ঠিকানা হতে আগত ই-মেইল এর সোর্স যাচাই না করা পর্যন্ত সেগুলির ভিতরে থাকা লিঙ্কগুলিতে ক্লিক করা থেকে বিরত থাকুন। ব্রাউজারে অপ্রয়োজনীয় Plugins, adds on ইন্সটল করা হতে বিরত থাকুন।

০৫) সর্বোপরি, নিশ্চিত করুন যে আপনার সিস্টেমে একটি সক্রিয় হালনাগাদ অ্যান্টি-ভাইরাস সিকিউরিটি স্যুট চালু রয়েছে এবং সবচেয়ে গুরুত্বপূর্ণভাবে, সর্বদা নিরাপত্তার সাথে ইন্টারনেট ব্রাউজ করুন।

বিষয়টি অতীব জরুরী ও গুরুত্বপূর্ণ।

(মোঃ আব্দুল করিম সরকার)  
সিনিয়র প্রিন্সিপাল অফিসার।

### জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপিঃ

১. মহাব্যবস্থাপক (প্রশাসন/ অপারেশন) মহোদয়ের দপ্তর, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২. প্রধান কার্যালয়ের সকল বিভাগীয় প্রধান ও শাখা ব্যবস্থাপক (সকল), প্রবাসী কল্যাণ ব্যাংক।
৩. ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৪. উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৫. জনাব মোঃ শরীফুল হক (এসইও), আইটি বিভাগ, প্রধান কার্যালয় (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
৬. অফিস কপি।